

গ্রামের বিয়েতে যে ঘটনাগুলো ঘটবেই



● আহমেদ বায়েজীদ

১. বরযাত্রী শুরু হবে- এসময় দেখা যাবে গুরুত্বপূর্ণ কেউ অনুপস্থিত। খুঁজতে গেলে পাওয়া যাবে শেভ করতে সেলুনে, নয়তো জুতা পলিশ করতে গেছে।
২. যথাযথভাবে আমন্ত্রণ করা হয়নি এই অভিযোগে দু-একজন আত্মীয় অনুষ্ঠান বর্জন করবে।
৩. বর/কনের চাচা ও মামা পক্ষের মধ্যে একটা রেষারেষি থাকবেই। কাদের কর্তৃত্ব বেশি হবে সেটা নিয়ে অঘোষিত প্রতিযোগিতাও চলবে।
৪. গুরুত্বপূর্ণ সময়ে বর/কনের দুলাভাই কিংবা মামা টাইপের কেউ অভিমান করবে। তার মান ভাঙতে অন্য মুরকিররা অক্লান্ত পরিশ্রম করে যাবে।
৫. কনের বাড়িতে গেট দিয়ে ঢোকান সময় টাকা দেয়া নিয়ে ব্যাপক দেনদরবার হবেই। কখনো কখনো এটা মারামারির পর্যায়ে চলে যায়।
৬. বরযাত্রীরা কখনই যথাসময়ে কনের বাড়ি পৌঁছতে পারবে না এবং নির্দিষ্ট সংখ্যার চেয়ে বরযাত্রী বেশি হবেই। এটা নিয়ে কনে

পক্ষের খোঁটাও শুনতে হবে।

৭. পাত্র পক্ষের দেয়া শাড়ি কিংবা গহনার মান নিয়ে দুই পক্ষের তর্কবিতর্ক হবে। এক্ষেত্রে সাধারণত কনের খালা/ফুফুরা বেশি ভূমিকা পালন করে।

৮. মেয়ের বাবা কর্তৃক ছেলের যোগ্যতা অনুযায়ী 'খুশি করে দেয়া' (যৌতুক নয় কিন্তু) নিয়েও বাদানুবাদ হবে।

৯. নতুন বউয়ের দোষ প্রথম খুঁজে পাবে পাশের বাড়ির 'বউ দেখতে আসা' মহিলারা। এটা গ্রামে চাউর হবেও তাদের মাধ্যমে। খাবারের মান নিয়েও এরা প্রশ্ন তুলবে।

১০. সব শেষে সবাই সবাইকে বলবে- জানোই তো লাখ কথা না হলে কি বিয়ে হয়! কিছু মনে করবে না ভাই, বিয়ে-শাদিতে এ রকম টুকটাক হয়েই থাকে। আমরা আমরাই তো।

রসময়

উকিল - 'আপনি কেন আদালতে জুরির দায়িত্ব পালন করতে চাচ্ছেন না?'

লোক - 'আমি একটা অফিসের বস ...জুরি হলে আমাকে কিছুদিনের জন্য অফিস ফেলে আসতে হবে।'

উকিল - 'আপনার কি মনে হয় না যে, আপনাকে ছাড়াও অফিসের লোকেরা কাজ চালিয়ে নিতে পারবে?'

লোক - 'পারবে...কিন্তু আমি চাই না তারা ব্যাপারটা ধরে ফেলুক।'

লোক ১ : 'উর্ধ্বশ্বাসে দৌড়ে কোথায় যাচ্ছেন?'

লোক ২ : 'একটা মারামারি থামাতে।'

লোক ১ : 'কারা মারামারি করছে?'

লোক ২ : 'গুণ্ডা আর আমি। না পালালে মারামারি থামবে না।'



গত সংখ্যার উত্তর

বৃষ্টি পড়ে, লেখে না কেন?

● বৃষ্টির কী-বোর্ড নষ্ট তাই।

ঢাকা থেকে গালিব

● বৃষ্টির হাতের লেখা খুবই খারাপ

বলে। গাজীপুর থেকে গুলনাহার

● সোনামণিদের কালি-কলমের

ঘাটতি পড়ে যাবে যে! হবিগঞ্জ থেকে

করণাময়

● মেঘের নিষেধাজ্ঞার কারণে।

মিরপুর থেকে সোহেল নওরোজ

● স্কুল থেকে হোমওয়ার্ক দেয়নি

বলে। লিমন (ঠিকানা অজ্ঞান)

বিহারী গালিবকে অভিনন্দন।

আপনার ঠিকানায় উপহার পৌঁছে যাবে

